দৈনিক সংবাদ

তারিখ 06 NOV 1992
পৃষ্ঠা ৫ কলাম ২

23

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ দীর্ঘদিন ধরে বন্ধ ।। শিক্ষাক্ষেত্রে অনিশ্চয়তা

( নিজস্ব বার্তা পরিবেশক )

চট্টগ্রাম, ৫ই নভেম্বর।– চট্টগ্রাম মেডিক্যাল কলেজের এক হাজারেরও বেশি ছাত্রছাত্রীর শিক্ষাজীবন এখন চরম অনিশ্চয়তার সম্মুখীন। আজ বৃহস্পতিবার পর্যন্ত ৫৩দিন ধরে কলেজ বন্ধ রয়েছে। গুরুত্বপূর্ণ ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত রয়েছে। গত ১৩ই সেপ্টেম্বর রাতের অন্ধকারে কলেজ ছাত্রাবাসে ইসলামী ছাত্র শিবির কর্মীদের সশস্ত্র হামলা, লুটতরাজ ও অগ্নিসংযোগের পর কলেজ বন্ধ করে দেয়া হয়। শিবিরকর্মীদের হাতে মেডিক্যালের মেধাবী ছাত্র মাহবুব আক্রান্ত ও পরে হাসপাতালে মারা যাবার পর থেকে পরিস্থিতির আরো অবনতি ঘটেছে। মাহবুব হত্যা মামলায় জড়িত শিবিরের ৮ জন নেতা–কর্মীর মধ্যে কেউ এখনো গ্রেফতার হয়নি। খুনীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

ইতিমধ্যে কলেজ বন্ধ থাকা অবস্থায় শিবির কর্মীরা চট্টগ্রাম কলেজ থেকে সংগঠিত হয়ে গত ২৯শে অক্টোবর মেডিক্যাল ছাত্রাবাসে হামলা ও লুটপাট চালায়। অভিযোগ পাওয়া গেছে, হামলার সময় শিবিরকর্মীরা ছাত্রলীগ নেতাদের নাম করে 'লাশ চাই' শ্লোগান দিয়েছে।

বিরাজমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ (চামেকসু) ও কলেজ শাখা ছাত্রলীগ গতকাল বুধবার সন্ধ্যায় চট্টগ্রাম প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। এতে নেতৃবৃন্দ অবিলম্বে তাদের ৫ দফা মেনে নিয়ে কলেজ খুলে দেয়ার দাবি জানান।